

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-০৬ (ভোকেশনাল-০১)
এফ-০৮/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে-বাংলা নগর, ঢাকা-১২০৭।

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৮০.২৭.৮০৩.১৭. ৩১০

তারিখঃ ২৯/০২/২০১৭ খ্রিঃ

বিষয়ঃ কারণ দর্শনো প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জনাব যাচ্ছে যে, আপনি জনাব মোঃ আবু সেলিম জয়পাড়া টেকনিক্যাল স্কুল ও কলেজে দীর্ঘদিন যাবৎ প্রায় সকল কর্মকর্তা, শিক্ষক ও কর্মচারীদের সঙ্গে দুর্ব্যবহার করছেন। বর্তমান অধ্যক্ষ প্রতিষ্ঠানে যোগদানের পর আপনাকে একাধিকবার মৌখিকভাবে আচরণগত পরিবর্তনের মাধ্যমে চাকুরী বিধি অনুসরণপূর্বক সরকারি দায়িত্ব পালনের জন্য প্রারম্ভ দেন এবং সতর্ক করেন। কিন্তু আপনার আচরণগত কোন উন্নতি পরিলক্ষিত হচ্ছে। ইদানিং আপনার আচরণ অত্যন্ত বেপরোয়া এবং উদ্ধৃত্যপূর্ণ হচ্ছে পড়েছে;

- ২। আপনি জনাব মোঃ আবু সেলিম প্রতিষ্ঠানের শিক্ষক, কর্মচারী ও ছাত্র-ছাত্রীদের সহিত যে খারাপ আচরণ করেন। প্রতিষ্ঠানের শিক্ষকদের সম্পর্কে ফেসবুকে মিথ্যা ও আপত্তিকর ছবি দেখাইয়া অপপ্রাচার চালান। অপপ্রাচার চালাইয়া ক্ষান্ত না হইয়া জনকে সাংবাদিককে রাত্রি বেলায় শিক্ষকদের বাসায় পাঠান। তাহা ছাড়াও মিথ্যা ও বাবোয়াট ছবি দেখান এবং কর্মচারীদের জীব নিকট উক্ত মিথ্যা ও বাবোয়াট ছবি সম্পর্কে আপত্তিকর কথা বলেন। প্রতিষ্ঠানের বাড়ুদার আপনার মোটর সাইকেলের চারপাশে বাড়ু দেওয়ার সময় তাকে থাক্কার মারতে উদ্যৰ্ত হন। জনাব মোঃ আবুল বাশার, ক্রাফ্ট ইনস্ট্রুক্টর (ফার্ম)-কে আপনি একদিন অকথ্য ভাষায় গালিগালাজ করেন এবং এক পর্যায়ে ইট দিয়া তার মাথায় আঘাত করতে উদ্যৰ্ত হন;
- ৩। অ্যাপনি জনাব মোঃ আবু সেলিম প্রতিষ্ঠানে নবম শ্রেণীর ভর্তি ফরম/২০১৭ বিক্রী করা হলে দায়িত্বে থাকা কর্মচারীর নিকট ৫০০/- (পাঁচশত) টাকা দাবী করেন। তিনি উক্ত টাকা না দেওয়ায় তাকে অকথ্য ভাষায় গালিগালাজ করেন এবং হমকি দেন;
- ৪। আপনি জনাব মোঃ আবু সেলিম একদিন প্রতিষ্ঠানে ০২ জন ছাত্রীকে মারতে উদ্যৰ্ত হন। ছাত্রীদের ভয়ে নিচতলার বাথরুমে আশ্রয় নেয়;
- ৫। আপনি জনাব মোঃ আবু সেলিম লাইব্রেরীর মূল দায়িত্ব পালন করতে কখনও দেখা যায় না। লাইব্রেরী সব সময় বন্ধ থাকে। আপনি ইচ্ছামত অফিসে আসে এবং যান। ঢাকা জেলা শিক্ষা অফিসারের কার্যালয় হতে বই আনার জন্য আপনাকে কোন দিনও পাঠানো সম্ভব হচ্ছে;
- ৬। আপনি জনাব মোঃ আবু সেলিম অত্যন্ত উঁচ মেজাজী, সামান্য ব্যাপারেই তৃতীয় এবং চতুর্থ শ্রেণীর কর্মচারীদের সহিত বাগড়ায় লিঙ্গ হন। মাঝে মাঝে আপনি ছাত্র-ছাত্রীদের সঙ্গে মারমুখো আচরণ করেন, অকথ্য ভাষা ব্যবহার করেন। আপনি প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের সম্পর্কে আপত্তিকর মন্তব্য করেন। গেটে গিয়ে প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের নাম ধরে আজে বাজে ভাষা ব্যবহার করেন;
- ৭। আপনি জনাব মোঃ আবু সেলিম গত ১৮/০২/২০১৭ খ্রিঃ অধ্যক্ষ নৈমিত্তিক ছুটিতে থাকাকালীন দায়িত্বপ্রাপ্ত অধ্যক্ষের বিনা অনুমতিতে ১১/০২/২০১৭ খ্রিঃ হতে ১৬/০২/২০১৭ খ্�রিঃ পর্যন্ত হাজিরা খাতায় তার লাল প্রশংসনোদ্ধক চিহ্নিত ঘরে আঁকড়ে করেন। অধ্যক্ষ অননুমোদিত অনুপস্থিতির জন্য কারণ দর্শনোর নোটিশ প্রদান করেন। উক্ত নোটিশ গ্রহণের কিছুক্ষণ পরেই আপনি অধ্যক্ষ এর সহিত উদ্ধৃত্যপূর্ণ আচরণ করেন;
- ৮। আপনি জনাব মোঃ আবু সেলিম একদিন সকালে দৈনিক সমাবেশ শেষে যখন সকল ছাত্র-ছাত্রী ও শিক্ষক-কর্মচারীগুলি সমবেতে কঠে জাতীয় সংগীত গাইতে ছিলেন তখন আপনি জাতীয় সংগীত না গেয়ে বিনা অনুমতিতে সজোরে মোটর সাইকেল চালিয়ে প্রতিষ্ঠান ত্যাগ করেন;
- ৯। আপনি জনাব মোঃ আবু সেলিম ২১/০২/২০১৭ খ্রিঃ সকাল ০৭:৩০ মি: হতে ০৮:০০ ঘটিকা পর্যন্ত প্রতিষ্ঠানে এক ভীতিকর ও অস্থিতিক অবস্থার সৃষ্টি করে মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের কর্মসূচীতে বাঁধা প্রদান এবং শিক্ষক, কর্মচারী ও ছাত্র-ছাত্রীদের সহিত দুর্ব্যবহার, ভয়-ভীতি প্রদান করেন;
- ১০। আপনি জনাব মোঃ আবু সেলিম গত ২০/০২/২০১৭ খ্রিঃ রোজ সোমবার সন্ধ্যা ০৭:২৫ ঘটিকার সময় প্রতিষ্ঠানের তৃতীয় তলায় লাইব্রেরীতে যেতে চাইলে কর্তব্যরত অফিস সহায়ক জনাব এ কে এম ইয়াকুব অফিস সময় শেষ হওয়ায় নিরাপত্তার স্বার্থে আপনাকে উপরে না যাওয়ার জন্য অনুরোধ করলে আপনি উত্তেজিত হয়ে নিরাপত্তা কর্মচারী ও অফিস সহায়ক এর সহিত বিশ্বালু সৃষ্টি করেন। অবশ্যে অত্যন্ত উত্তেজিত অবস্থায় অধ্যক্ষের অফিস কক্ষে প্রবেশ করেই উচ্চস্থরে অধ্যক্ষ এর সাথে উদ্ধৃত্যপূর্ণ আচরণ করেন;
- ১১। আপনি জনাব মোঃ আবু সেলিম আপনার আচার-আচরণ ও অনাকাঙ্খিত কর্মকান্ডের কারণে প্রতিষ্ঠানে প্রশাসনিক বিশ্বালু সৃষ্টি হচ্ছে, ছাত্র-ছাত্রী ও শিক্ষক-কর্মচারীদের মধ্যে ক্ষেত্রের সংস্কার হচ্ছে এবং প্রতিষ্ঠানের সার্বিক ভাবমূর্তি ক্ষুণ্ণ হচ্ছে। যা সরকারি কর্মকর্তা ও কর্মচারী (আচরণ) বিধি ১৯৭৯-এর বিধিমালা অনুযায়ী অসদাচরনের সামিল।

এমতাবস্থায়, কেন আপনার বিরুদ্ধে সরকারি কর্মকর্তা ও কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ২ এর (i), (ii) ও (iii) ধারা মোতাবেক আইনানুগ ব্যবস্থা নেয়া হবে না তা পত্র প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে কারণ দর্শনোর জন্য অনুরোধ করা হলো।

১। মোঃ মিজানুর রহমান
যুগ্ম-সচিব
পরিচালক (ভোকেশনাল)
কারিগরি-শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

প্রাপক : জনাব মোঃ আবু সেলিম
লাইব্রেরীয়ান
জয়পাড়া টেকনিক্যাল স্কুল ও কলেজ
জয়পাড়া, দোহার, ঢাকা।

অনুলিপি:

- ১। অধ্যক্ষ, জয়পাড়া টেকনিক্যাল স্কুল ও কলেজ।
২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পত্রখানা ওয়েব সাইটে প্রেরণের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।